

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৯৯.০২৭.০০৯.২০১৯(অংশ-১)- ৫৪


তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ।
২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয়: বিভাগীয় ও জেলা পর্যায়ে কর্মরত উপপরিচালক, স্থানীয় সরকারগণের দাপ্তরিক কাজে ব্যবহারের লক্ষ্যে বরাদ্দকৃত জীপগাড়ির জন্য গাড়ি চালক নিয়োগ প্রসংগে।

স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ৬৪টি জেলা পর্যায়ে কর্মরত ৬৪ জন উপপরিচালক, স্থানীয় সরকার এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন উন্নয়ন প্রকল্প 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি)' হতে ৫৭টি এবং 'কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি)' হতে ০৭টিসহ মোট (৫৭+৭)=৬৪টি এবং বিভাগীয় পর্যায়ে কর্মরত ০৮জন উপপরিচালক, স্থানীয় সরকার এর জন্য নতুন ০৮টি জিপগাড়িসহ সর্বমোট (৬৪+০৮)=৭২ (বাহাত্তর)টি জিপগাড়ি টিওএন্ডই (TO&E) তে অন্তর্ভুক্ত এবং ৭২ (বাহাত্তর)টি গাড়িচালক এর পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয় (সংযুক্তি-০১)।

০২। বর্ণিত প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) এর মেয়াদ আগামী ৩১/১২/২০২২ খ্রি: তারিখে সমাপ্ত হওয়ার পর লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) এর (৬১+২)=৬৩টি এবং কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্পের ১৩টিসহ মোট ৭৬টি যানবাহনের মধ্যে জেলা পর্যায়ে কর্মরত ৬৪টি জেলায় ব্যবহৃত ৬৪টি জিপগাড়ি ৬৪ জেলার উপপরিচালক, স্থানীয় সরকার এর ব্যবহারের জন্য স্ব স্ব জেলা প্রশাসকের পূলে স্থায়ীভাবে ন্যস্ত করা হয়েছে (সংযুক্তি-০২)। এ ছাড়া সরকারের আর্থিক ব্যয় সংকোচনের স্বার্থে নতুন গাড়ি ক্রয় না করে ০৮টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কর্মরত ০৮ জন উপপরিচালক, স্থানীয় সরকার এর ব্যবহারের জন্য উল্লিখিত দু'টি প্রকল্পের অবশিষ্ট ১২টি গাড়ি হতে ০৮টি জিপ গাড়ি স্ব স্ব জেলা প্রশাসকের পূলে স্থায়ীভাবে ন্যস্ত করা হয়েছে (সংযুক্তি-০৩)।

০৩। এমতাবস্থায়, উক্ত ৭২টি জীপগাড়ি চলমান রাখার নিমিত্ত গাড়ি চালক পদে জনবল নিয়োগের জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ৭২ (বাহাত্তর)টি জিপগাড়ি জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পূলের টিওএন্ডই (TO&E) তে অন্তর্ভুক্তকরণসহ ৭২ (বাহাত্তর)টি গাড়িচালক পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

 ২২/৩/২৩

মাসুরা বেগম
উপসচিব

স্থানীয় সরকার বিভাগ
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়-----বিভাগ (সকল)।
- ০৪। জেলা প্রশাসক,-----জেলা (সকল)।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, -----জেলা (সকল)।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।